

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২৩, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
রপ্তানি-১ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২৪ নভেম্বর ২০২০

নং ২৬.০০.০০০০.১০০.৪২.০১১.১৩-২২৭—বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১০(২) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশসমূহ ব্যতীত অন্যান্য দেশের জন্য বাণিজ্য মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং-২৬.০০.০০০০.১০০.৪২.০১১.১৩-৩০৫ তারিখ ২৪ নভেম্বর, ২০১৯ এর মাধ্যমে পণ্যের উৎস, পরিমাণ, ও ওজন সম্পর্কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সার্টিফিকেট অব অরিজিন (সি.ও) জারি করার জন্য বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই)-কে ৩১-১২-২০২০ পর্যন্ত ক্ষমতা প্রদান করা হয়। উক্ত আদেশের ধারাবাহিকতায় বছর বছর অনুমোদন সাপেক্ষে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রি (বিসিআই)-কে সার্টিফিকেট অব অরিজিন (সি.ও) জারির ক্ষমতা আগামী ১(এক) বছর অর্থাৎ ০১-০১-২০২১ হতে ৩১-১২-২০২১ পর্যন্ত বৃদ্ধি করা হলো :

- সি.ও ফরম গ্রহণকারী ফার্মের পূর্ণ ঠিকানা রেজিস্টারে লিপিবদ্ধ করবে;
- পূরণকৃত সি.ও ফরম সংশ্লিষ্ট দলিলাদির সাথে মিলিয়ে সই ও সীলযুক্ত করে ইস্যু করবে;
- ইস্যুকৃত সি.ও ফরম এর অনুলিপি সংরক্ষণ করবে;
- বিসিআই মহাসচিব এর তত্ত্বাবধানে সি.ও ইস্যু করা হবে; এবং
- মন্ত্রণালয়ে ত্রৈমাসিক প্রতিবেদন দাখিল করবে।

০২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

নাজনীন পারভীন

সিনিয়র সহকারী সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৪১৩৩)

মূল্য : টাকা ৪-০০